


প্রকাশ : ১ ডিসেম্বর, ২০১৭ ১৭:৪৫
আপডেট : ১ ডিসেম্বর, ২০১৭ ১৮:০০

অনলাইন
ভার্সন

Share
প্রিন্ট করুন 

আনিসুল হকের মৃত্যুতে কাঁদলেন সাঈদ খোকন

| অনলাইন ডেস্ক



সংগৃহীত ছবি

ঢাকা উত্তর সিটি করপোরেশনের মেয়র আনিসুল হকের মৃত্যুতে কাঁদলেন দক্ষিণ সিটি করপোরেশনের মেয়র সাঈদ খোকন। শুক্রবার (০১ ডিসেম্বর) বিকেলে বনানীতে তার নিজ বাসভবনে গণমাধ্যমকর্মীদের কাছে প্রতিক্রিয়া ব্যক্ত করতে গিয়ে তিনি কেঁদে ফেলেন। এসময় তিনি

আনিসুল হকের মৃত্যুতে দেশবাসীর কাছে দোয়া
চান।

সাঈদ খোকন বলেন, আনিসুল হকের এই মৃত্যুটা আমাদের জন্য অপ্রত্যাশিত। হঠাৎ করে অসুস্থ হয়ে এভাবে চলে যাবেন ভাবতেও পারিনি। তার এ শূন্যতা সহজে পূরণ হবে না।

তিনি আরো বলেন, আমরা ভুল ত্রুটির উর্ধ্বে কেউই নই। সবারই ভুল ত্রুটি থাকতে পারে। আল্লাহ রাব্বুল আলামিন যেমন মানুষকে গুণ দিয়ে তৈরি করেন তেমনিভাবে তার ভুলও থাকে। চলার পথে আনিসুল হকের যদি কোনো ভুল ভ্রান্তি হয়ে থাকে এদেশের মানুষ এ শহরের মানুষ ক্ষমা সুন্দর দৃষ্টিতে দেখবেন। তার ছোট ভাই হয়ে আমি দেশবাসীর কাছে দোয়া প্রার্থনা করছি।

বিডি প্রতিদিন/১ ডিসেম্বর ২০১৭/হিমেল